২য় অনুরোধ পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১(শরীয়ত:/২০০৮-১৭৭

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৫
২৭ মার্চ ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ (রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ হতে উদ্ভুত) মামলার নির্দেশনা অনুযায়ী শরীয়তপুর জেলার গোসাইরঘাট উপজেলাধীন চর সামন্তপুর মোহসেনিয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসার অধ্যক্ষসহ ০৬ জন শিক্ষকের বকেয়া বেতন ভাতাদি (এমপিও) পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্র:
(১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১(শরীয়ত:/২০০৮-৮৮, তারিখ: ১০.০২.২০১৯ খ্রি.।
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-২৪বি:২০০৯/২০৭৪/৮ বিশেষ, তারিখ: ১৬.০৮.২০১৭ খ্রি.।
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৩.১৮-৩৬২, তারিখ: ০২.১২.২০১৮ খ্রি.।
(৪) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/২৮/আইন/২০০৮/১২২১/২, তারিখ: ০৬.১১.২০১৮ খ্রি.।
(৫) রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ মামলার রায়, তারিখ: ২৩.০৮.২০০৯।
(৬) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/আইনসলে(লিভ টু আপীল)-২/২০১০/১৭, তারিখ: ১৯.০১.২০১১ খ্রি.।
(৭) কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ মামলার রুলিং, তারিখ: ২২.০৭.২০১৪ খ্রি.।
(৮) মাউশি অধিদপ্তরের প্যানেল আইনজীবীর মতামত, তারিখ: ১৯.০৩.২০১৭ খ্রি.।
(৯) মাউশি অধিদপ্তরের এমপিও সংক্রান্ত কমিটির কার্যবিবরণী, তারিখধ ২৫.০৫.২০১৭ খ্রি.।
(১০) চরসামন্তসার মোহসেনিয়া ফাযিল মাদ্রাসা (স্নাতক) মাদ্রাসার স্মারক নং-২৩১/১, তারিখ: ২৩.১০.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার গোসাইরহাট থানাধীন চরসামন্তসার মোহসেনিয়া সিনিয়র আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব এ. এস. এম ইসহাক মিয়া গং (৬ জন) কর্তৃক তাদেরকে এমপিওভুক্ত করার সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৪/২০০২ তারিখের আদেশ বাস্তবায়িত না হওয়ায় মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৮৪০৪/২০০৭ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলার ২৩/৮/২০০৯ তারিখের আদেশে বকেয়া বেতন-ভাতাসহ পিটিশনারগণকে এমপিওতে অন্তর্ভুক্তকরণের জন্য রেসপনডেসন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ এর রায়ের বিরুদ্ধে জরুরিভিত্তিতে আপিল দায়েরসহ রায় স্থগিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাউশি অধিদপ্তর-কে অনুরোধ করা হয়েছিল।

০৩। তদপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক জানানো হয় যে, রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ মামলাটিসহ মোট ২৫টি রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হলে সংশ্লিষ্ট কোর্টের ডিএজি কর্তৃক আপিল দায়েরের জন্য অ্যাটর্নী জেনারেল অফিসে প্রস্তাব প্রেরণ করা হয়। এর প্রেক্ষিতে উক্ত মামলাগুলোতে আপিল দায়েরের জন্য জনাব মুশফিকুর রহমান-কে বিজ্ঞ AOR হিসাবে দায়িত্ব প্রদান করা হয়। বিজ্ঞ AOR কর্তৃক আপিল দায়ের করা হয়নি। এখানে উল্লেখ্য যে, কোন স্মারকমূলে CPLA দায়েরের অনুরোধ করা হয়েছে তা যেমন উল্লেখ করা হয়নি তেমনিভাবে CPLA দায়ের নিশ্চিতকরণের জন্য কোন উদ্যোগ (নিজস্ব আইনজীবী দ্বারা) নেয়া হয়েছে কিনা তাও স্পষ্ট করা হয়নি।

০৪। পরবর্তিতে মাউশি অধিদপ্তরের মতামতের ভিত্তিতে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রে বর্ণিত (৫) নং স্মারকের মাধ্যমে উপরিউক্ত রিট মামলাসহ ২৫টি মামলার রায় বাস্তবায়নের জন্য মহাপরিচালক, মাউশি অধিদপ্তর-কে অনুরোধ করা হয় । তদপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক রিট পিটিশন নং- ৮৪০৪/২০০৭ মামলার রায়ের আলোকে পিটিশনারগণকে বকেয়া ব্যতীত এমপিওভুক্ত করা হয়।

০৫। এছাড়া সূত্রে বর্ণিত (১) নং স্মারকমূলে চাহিত তথ্য তথা রিট মামলা নং-৮৪০৪/২০০৭ (কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪) মামলার পিটিশনারগণ নতুন পদে যোগাদনের পরও কিভাবে পূর্ববর্তী পদের বেতন ভাতা (এমপিও) উত্তোলন করেছেন এর ব্যাখ্যা (তথ্যসহ) ডিজি, মাউশি অধিদপ্তরের পত্রের যেমন নেই তেমনিভাবে ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্রেও এ বিষয়ে কোন ব্যাখ্যা বা তথ্য নেই।

০৬। রিট পিটিশন নং- ৮৪০৪/২০০৭ মামলার ২৩.০৮.২০০৯ খ্রি. তারিখের রায় মাউশি অধিদপ্তর কর্তৃক পূর্ণাঙ্গ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২০১৮/২০১৪ দায়ের করা হয়। উক্ত রিট মামলার রায় পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন না হওয়ার কারণ কী ? তা স্পষ্ট করা হয়নি।

০৭। কনটেম্পট মামলা পরিচালনার বিষয়ে মাউশি অধিদপ্তর কর্তৃক বিজ্ঞ কৌসুলি নিয়োগ দেয়া হয়েছে এবং সচিব ও মহাপরিচালকের পক্ষে (কনটেম্পট) ওকালতনামা প্রদান করা হয়েছে মর্মে এ বিভাগকে অবহিত করা হয়।

০৮। মাউশি অধিদপ্তরের বিজ্ঞ কৌসুলি কর্তৃক পিটিশনারগণকে গত ১৮.০৪.২০০২ তারিখ হতে বকেয়া এমপিও ছাড়করণের জন্য মতামত ব্যক্ত করা হয়। তবে মাউশি অধিদপ্তরের বিজ্ঞ কৌসুলির মতামতের বিষয়ে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কোন মতামত (উক্ত মতামত গ্রহণযোগ্য/গ্রহণযোগ্য নয়) দেয়া হয়নি।

চলমান পৃষ্ঠা/২

০৯। এখানে উল্লেখ্য যে, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্রে কোন প্রস্তাব বা সুপারিশ নেই।

১০। উপরি-উক্ত তথ্যের আলোকে গৃহীত কার্যক্রম ২৫/০২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য সূত্র (১) মূলে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি উক্ত পত্রের কোন জবাব পাওয়া যায়নি।

১১। বর্ণিত অবস্থায়, নিম্নরুপ পদক্ষেপ গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্যাদি আগামী ১৫.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মত বিনীত অনুরোধ করা হলো:

(ক) রিট পিটিশন নং- ৮৪০৪/২০০৭ মামলার পিটিশনারগণকে এমপিওভুক্ত করা হয়েছে এবং তা অব্যাহত আছে বিষয়টি কনটেম্পট আদালতকে অবহিতকরণ।

(খ) মহাপরিচালক, মাউশি অধিদপ্তরের ১৬.০৮.২০১৭ খ্রি. তারিখের ২০৭৪/৮ বিশেষ সংখ্যক পত্রের আলোকে উক্ত ০৬ জন শিক্ষক কর্তৃক নতুন পদে যোগদানের পরও পূর্ববর্তী পদের এমপিও প্রাপ্তির বিষয়টি যাচাইক্রমে এর আইনগত অবস্থা (Legal Status) সম্পর্কে মতামত প্রদান।

(গ) যেহেতু নতুন পদে যোগদানের পরও বর্ণিত শিক্ষকগণ কর্তৃক পূর্ববর্তী পদে এমপিও উত্তোলন করা হয়েছে সেহেতু রিট পিটিশনারগণ প্রকৃতপক্ষে বকেয়া দাবীদার কীনা ? এ বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান।

(ঘ) উপরের বর্ণনামতে ০৬ জন পিটিশনার প্রকৃতপক্ষে বকেয়ার দাবীদার না হলে বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণ।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি/মাষ্টার কপি।